

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
ওয়েব সাইট : www.techedu.gov.bd
ই-মেইল : dteadvoc@gmail.com

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.২৭.৩৭৫.১৭. ২০১৬


তারিখ : ২৬/০১/২০১৭ খ্রি:


বিষয় : বরিশাল টেকনিক্যাল স্কুল ও কলেজের চীফ ইন্সট্রাক্টর(অটোমোবাইল) জনাব মো: জাকির হোসেন এর বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে কারণ দশানো/ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, বরিশাল টেকনিক্যাল স্কুল ও কলেজের চীফ ইন্সট্রাক্টর (অটোমোবাইল) জনাব মো: জাকির হোসেন এর বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে।

ক) অভিযোগ পত্রে উল্লেখ্য যে, তিনি প্রতিষ্ঠানের একাডেমিক ইন-চার্জের দায়িত্ব পালন করেন এবং পরীক্ষার সম্মানী বন্টনে চরম অনিয়ম করেন। পরীক্ষার সম্মানী বন্টনে তিনি কোন নিয়ম-নীতি অনুসরণ করেন না। বিশেষ করে সর্ট কোর্সের সম্মানী বন্টন তিনি এককভাবে করে থাকেন। পরীক্ষার টাকা বন্টনে ইচ্ছে করেই অনেক সময় পার করেন যাতে শিক্ষক-কর্মচারী বিষয়টি ভুলে যান। তার নিজের ইচ্ছামতো যাকে যা দিয়ে পারেন তাই দেন। গত ২৩/১২/২০১৬ খ্রি: তারিখে অনুষ্ঠিত সর্ট কোর্সে তিনি নেন কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। টাকা বন্টনের ক্ষেত্রে কারো সাথে পরামর্শ করেন না। অধিদপ্তর বা মন্ত্রণালয়ের পরিপত্র অনুসরণ করেন না। এ বিষয়টি সকল শিক্ষক-কর্মচারীর মাঝে চাপা ক্ষোভের সৃষ্টি করে। সকল পরীক্ষার ক্ষেত্রেই তিনি এ কাজ করেন।

এমতাবস্থায়, বর্ণিত অভিযোগের বিষয়ে আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।


(মোঃ মিজানুর রহমান)
২৬.১.২০১৭
যুগ্ম-সচিব
পরিচালক(ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


জনাব মো: জাকির হোসেন
চীফ ইন্সট্রাক্টর (অটোমোবাইল)
বরিশাল টেকনিক্যাল স্কুল ও কলেজ
বরিশাল
পিআইএমএস আইডি নং-৬৫৫০১০০০৩৫

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অধ্যক্ষ, বরিশাল টেকনিক্যাল স্কুল ও কলেজ, বরিশাল। (তাকে বর্ণিত বিষয়ে কোন বিধি বিধানের আলোকে সম্মানী বন্টন করা হয়েছে এবং বিগত ৩ বছরে এ সংক্রান্ত আয় ও সম্মানী বিতরণের বিবরণী প্রমানকসহ মতামত/প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।